

## বিজনেস রিপ্লাই কুপন

বানিজ্যিক রিপ্লাই কুপন, ডাকটিকিট

বানিজ্যিক রিপ্লাই কুপন, ডাকটিকিট ডাকে প্রেরণের শর্তঃ

(১) বানিজ্যিক উত্তর পত্র ও বানিজ্যিক কার্ডে প্রদত্ত ডাকটিকিটের হার নিম্নরূপঃ- (ক) বানিজ্যিক উত্তর পত্র ১০ গ্রামের নীচে ২.০০ টাকা। (খ) ১০ গ্রামের উপরে প্রতি ১০ গ্রাম বা তার অংশের জন্য ২.০০ টাকা। (গ) একক বানিজ্যিক কার্ডের জন্য ১.০০ টাকা।

(২) 'বানিজ্যিক উত্তর পত্র' ও 'বানিজ্যিক উত্তর খাম' ডাক মাশুল বিষয়ে যখন প্রাপকের নিকট বিলি হবে নগদ টাকায় আদায় যোগ্য।

(৩) বানিজ্যিক উত্তর পত্র ও বানিজ্যিক উত্তর কার্ড ফেরত পাওয়ার জন্য আবেদনের মাধ্যমে মুদ্রিত কপি সংশ্লিষ্ট প্রধান ডাকঘরের পোস্ট মাস্টারের নিকট জমা দিতে হবে। পোস্ট মাস্টার সার্কেল প্রধানের নিকট প্রেরণ করলে, অনুমতির জন্য অপেক্ষা করতে হবে।

(৪) আবেদনকারী অগ্রীম ১০০ টাকা ফি প্রদান পূর্বক আবেদন করেন। এই অনুমতি এক বৎসর পর্যন্ত বলবৎ থাকবে এবং পরবর্তী বৎসরের জন্য নবায়ন করতে হলে আরও ১০০ টাকা ফি জমা দিতে হবে প্রতি নবায়নের জন্য। খাম ও কার্ডে কোন ডাক টিকিট প্রদানে ক্রটি দেখা দিলে অনুমতি বাতিল বলে গণ্য হবে। তবে আবেদনকারী নবায়নের জন্য যথাসময়ে আবেদন করলে তাহা গৃহীত হবে, কিন্তু সময় অতিক্রান্ত হলে ডাক দ্রব্যাদি সাধারণ অসম্পূর্ণ/ডাকমাশুল দ্রব্য হিসাবে গণ্য হবে এবং নির্দিষ্ট তারিখের পরে অনুমতি বাতিল হবে। কোন প্রকারেই সময় অতিক্রান্ত গ্রহণ যোগ্য হবেনা।

(৫) বানিজ্যিক উত্তর পত্র এর মান, আকার ও সাদৃশ্য নিজস্ব ভাবে তৈরীতে নিম্নলিখিত কৌশল নিতে হবে।

(৬) বানিজ্যিক উত্তর পত্র ও কার্ড ব্যবহারকারীদের দ্বারা সজ্জিত হবে। ঠিকানার দিক থাকবে এবং মুদ্রিত বা লেবেল যুক্ত হবে। (ক) মুদ্রিত নাম ও ঠিকানা যাকে বিলিযোগ্য তাহার উল্লেখ থাকবে। (খ) অনুমতি/পারমিট নম্বর। (গ) অনুমতি প্রাপ্ত ডাকঘরের নাম। (ঘ) দুইটি উপর নীচ/উল্লেখ দাগ কাল বা অন্য রঙের ডান প্রান্তে থাকবে। (ঙ) বানিজ্যিক উত্তর পত্র বা বানিজ্যিক কার্ড অথবা বানিজ্যিক উত্তর লেবেল যা প্রয়োজ্য থাকবে। (চ) বাংলাদেশের মধ্যে ডাকে দিলে ডাকটিকিট লাগবে না। (ছ) প্রাপক কর্তৃক ডাকমাশুল প্রদেয়। কার্ড বা খামের বাম দিকে পোস্ট মার্ক দেওয়ার জন্য প্রয়োজনীয় স্থানে রাখতে হবে। অনুমতি গ্রহণকারী বিজ্ঞপ্তি আকারে পত্রিকায় বা কোন প্রকাশনা মারফত বানিজ্যিক উত্তর লেবেল কার্ড বা খামে লাগানো ব্যাপারে উল্লেখ করতে পারেন।

(৭) বানিজ্যিক রিপ্লাই কার্ড, উত্তর অংশসহ প্রেরণ করা যাবে, কিন্তু বানিজ্যিক উত্তর পত্রে ন্যান্য দ্রব্যসহ প্রেরণ করা যাবে।

(৮) বানিজ্যিক রিপ্লাই কার্ড বা খাম মূল অফিসে ফেরৎ এলে বিলিকালে কোন মাশুল ধার্য হলে তাহা প্রদান করতে হবে।